

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ মডস জোন-৭

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯০.০২৬.২৪ নথির বিষয়: মডস জোন-৭ এর আওতাধীন পূর্ব জুরাইন এলাকার পানির লাইনের লিকেজ মেরামত এবং স্মৃতিধারা এলাকার পানির লাইনের স্লুইস ভাল মেরামতের মাধ্যমে সচল করণ কাজ।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-৭ এর আওতাধীন পূর্ব জুরাইন এলাকার পানির লাইনের লিকেজ মেরামত এবং স্মৃতিধারা এলাকার পানির লাইনের স্লুইস ভাল মেরামতের মাধ্যমে সচল করণ কাজ।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৩/৩/২৪ ৪:৩৯ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৭ এর আওতাধীন পূর্ব জুরাইন এলাকা হতে পানির লাইন লিকেজের অভিযোগ পাওয়া যায় (অভিযোগের টিকেট নং-২৪০২২১০৮০৬০১৮৫২)। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সাইট পরিদর্শন কালে দেখা যায় বর্ণিত এলাকায় বিদ্যমান ২০০ মিঃ মিঃ ব্যাসের পানির লাইনের ২(দুই)টি স্থানে লিকেজ হয়ে প্রচুর পানি নির্গত হচ্ছে এবং পানির অপচয় হচ্ছে। নির্গত পানি পার্শ্ববর্তী সড়কে প্রবাহিত হয়ে জন দুর্ভোগ তৈরি করেছে। পরিদর্শন কালে আরও দেখা যায় পরিত্যক্ত কয়েকটি সার্ভিস সংযোগ হতেও পানি লিকেজ হয়ে পানির অপচয় হচ্ছে। পানির অপচয় রোধ, সড়কের ক্ষতি নিরোধ কল্পে লিকেজগুলি ও সার্ভিস সংযোগগুলো জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এতদ্ব্যতীত, অত্র জোনের আওতাধীন স্মৃতিধারা এলাকার পানি সরবরাহ লাইনে বিদ্যমান স্লুইস ভাল দীর্ঘ দিন ব্যবহার জনিত কারণে মরিচা পড়ে অকেজো হয়ে পড়েছে। যার কারণে উক্ত স্লুইস ভালব প্রয়োজন অনুযায়ী পরিচালনা করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য, বিভিন্ন সময়ে স্থাপন করার ফলে উক্ত এলাকার পানির লাইনগুলো উঁচু নীচু। যার কারণে স্লুইস ভালব প্রয়োজন অনুযায়ী পরিচালনা করে রেশনিং এর মাধ্যমে এলাকার সকল গ্রাহককে পানি সরবরাহ নিশ্চিত করণের জন্য উল্লেখিত স্লুইস ভালব জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৩/৩/২৪ ৪:৪৩ অপরাহ্ন

আলোচ্য কাজ সম্পাদনের লক্ষ্যে পূর্বানুমোদিত দর অনুসরণে একটি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল (সংযুক্তি: পূর্বানুমোদিত দর)। প্রস্তুতকৃত প্রাক্কলনে সর্বমোট মূল্য দাঁড়িয়েছে ৳ ৪৭,৮৪৫.৫০/- (সাতচল্লিশ হাজার আটশত পঁয়তাল্লিশ টাকা পঁঞ্চাশ পয়সা) টাকা (সংযুক্তি: প্রাক্কলন)। উল্লেখ্য যে, আলোচ্য কাজের জন্য ২০০ মিঃমিঃ ব্যাসের পিভিসি পাইপ বিভাগীয় ভান্ডার হতে সরবরাহ করা হবে। কাজটির ব্যয়ভার চলতি ২০২৩-২৪ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত কর্ম-পরিকল্পনার পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং-বি ১৩.৫৩ হতে নির্বাহ করা হবে (সংযুক্তি: ক্রয় পরিকল্পনা (https://digital.nothi.gov.bd/print_layout.html#))। PPR-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী Direct Procurement Method (DPM) পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান “মোহাম্মদ মাওলা, ১২৪/ক/৯ ডিস্ট্রিলারী রোড, গেন্ডারিয়া, ঢাকা-১২০৪”-এর সাথে সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে কাজটি বাস্তবায়ন করা যেতে পারে। অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন প্রধান প্রকৌশলী মহোদয়।

সংযুক্তিসমূহ (৬):


- ১। ক্রয় পরিকল্পনা।
- ২। অভিযোগের টিকেট।
- ৩। পূর্বানুমোদিত দর।
- ৪। ক্যালকুলেশন।
- ৫। প্রাক্কলন।
- ৬। প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৩/৩/২৪ ৫:০৯ অপরাহ্ন


এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হতে অনুচ্ছেদ ১.১ এর বর্ণনালোকে “মডস জোন-৭ এর আওতাধীন পূর্ব জুরাইন এলাকার পানির লাইনের লিকেজ মেরামত এবং স্মৃতিধারা এলাকার পানির লাইনের স্লুইস ভাল মেরামতের মাধ্যমে সচল করণ কাজ” শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারেঃ

ক) উপস্থাপিত প্রাক্কলনের সর্বমোট মূল্য ৳ ৪৭,৮৪৫.৫০/- (সাতচল্লিশ হাজার আটশত পঁয়তাল্লিশ টাকা পঁঞ্চাশ পয়সা) টাকা মাত্র এর সদর অনুমোদন।

খ) বর্ণিত কাজটি PPR-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী “মোহাম্মদ মাওলা, ১২৪/ক/৯ ডিস্ট্রিলারী রোড, গেন্ডারিয়া, ঢাকা-১২০৪”-এর সাথে সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।



১৪/৩/২৪ ১১:৩৯ পূর্বাহ্ন
মনোজ ডাকুয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



১৪/৩/২৪ ১২:১৯ অপরাহ্ন
মোঃ আশরাফ উদ্দিন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭




১৮/৩/২৪ ১১:১৮ পূর্বাহ্ন
মোঃ লিমন মিয়া
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৭



২০/৩/২৪ ১:৫৪ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

২০/৩/২৪ ১:৫৪ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২০/৩/২৪ ১০:০৭ অপরাহ্ন
Okay

			
২০/৩/২৪ ১০:০৭ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২১/৩/২৪ ৩:৫০ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	২১/৩/২৪ ৩:৫৩ অপরাহ্ন মোঃ লিমন মিয়া নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৭	২২/৩/২৪ ৩:১৭ অপরাহ্ন মোঃ আশরাফ উদ্দিন সহকারী প্রকৌশলী মডস জোন-৭

২২/৩/২৪ ৩:১৭ অপরাহ্ন
মনোজ ডাকুয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭